রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ২০১৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৯ বৈশাখ, ১৪২৩/১২ মে, ২০১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৯ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ১২ মে, ২০১৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৬ সনের ১৩ নং আইন

## Civil Courts Act, 1887 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Civil Courts Act, 1887 (Act No. XII of 1887) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন Civil Courts (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. XII of 1887 এর section 19 এর সংশোধন**।—Civil Courts Act, 1887 (Act No. XII of 1887), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এ উল্লিখিত “four” শব্দের পরিবর্তে “twenty five” শব্দগুলি এবং “two” শব্দের পরিবর্তে “fifteen” শব্দ প্রতিস্থাপিত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

৩। **Act No. XII of 1887 এর section 21 এর সংশোধন।**―উক্ত Act এর section 21 এর sub-section (1) এর clause (a) তে উল্লিখিত "lac" শব্দের পরিবর্তে "crore" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৪। **বিশেষ বিধান।**―(১) এই আইনের ধারা ২ দ্বারা উক্ত Act এর section 19 সংশোধন হইবার কারণে জেলা জজ, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, এই আইন কার্যকর হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে যুগ্ম-জেলা জজ বা সিনিয়র সহকারী জজ আদালতে বিচারাধীন মোকদ্দমা সংশোধিত এখতিয়ার অনুযায়ী উপযুক্ত আদালতে স্থানান্তর করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন মোকদ্দমা যে পর্যায়ে স্থানান্তরিত হইবে সেই পর্যায় হইতে উক্ত মোকদ্দমার বিচারকার্য পরিচালিত হইবে।

(৩) এই আইনের ধারা ৩ দ্বারা উক্ত Act এর section 21 সংশোধন হইবার কারণে হাইকোর্ট বিভাগে বিচারাধীন অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা মূল্যমানের মূল মোকদ্দমায় যুগ্ম-জেলা জজ আদালত কর্তৃক প্রদত্ত ডিক্রি বা আদেশ হইতে উদ্ভূত যে কোন আপিল বা কার্যক্রম (proceedings), এই আইন কার্যকর হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে, জেলা জজ আদালতে স্থানান্তরিত হইবে এবং সংশ্লিষ্ট জেলা জজ নিজে উহা নিষ্পত্তি করিবেন অথবা অতিরিক্ত জেলা জজ এর নিকট নিষ্পত্তির জন্য প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, হাইকোর্ট বিভাগে বিচারাধীন কোন আপিল বা কার্যক্রম (proceedings) এর আংশিক শুনানী হইয়া থাকিলে উহা স্থানান্তরিত হইবে না।

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd